দৈনিক ইনকিলাব

18 AUG 2008

৬ ৪

# খেলার মাঠে সংঘর্ষ : তদন্ত কমিটি গঠন

# ঢাবিতে ৩ ছাত্র বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের গত বৃহস্পতিবার খেলার মাঠের সংঘর্ষের ঘটনাকে কেন্দ্র করে শনিবার তিন ছাত্রকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। একই সাথে ঘটনা তদন্তে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এর আগে পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থীরা কার্জন হল, মোকাররম ভবন ও সায়েন্স এনেক্স ভবনে ২ ঘণ্টা অবরোধ কর্মসূচী পালন করে।

জানা যায়, খেলার মাঠের ঘটনায় পরিসংখ্যান বিভাগের শিক্ষক অধ্যাপক জাফর আহমদ খানসহ ১৩ ছাত্র আহত হন। শিক্ষক আহত হওয়ার বিচার দাবিতে কার্জন হল, মোকাররম ভবন ও সায়েন্স এনেক্স ভবনে সকাল ৯টা থেকে দুপুর-১১টা পর্যন্ত রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এসময় শিক্ষার্থীরা ফুটবল খেলার সময়ের ওই ঘটনার জন্য বাংলা বিভাগের শিক্ষার্থীদের দায়ী করে বিক্ষোভ মিছিল করে। তারা ঘটনার সাথে জড়িত দোষী ছাত্রদের বহিষ্কারের দাবি করেন। এর আগে সকাল পৌনে ৯টার দিকে শিক্ষার্থীরা একই দাবিতে ওইসব ভবনের বিভিন্ন কক্ষে তালা লাগিয়ে তা 'সুপার গ্লু' দিয়ে আটকে দেয়। তারা বাংলা বিভাগের অভিযুক্ত ছাত্রদের শাস্তি না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনের ঘোষণা দেয়। বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপচার্য অধ্যাপক ড. আফম ইউসুফ হায়দার সায়েন্স এনেক্স ভবনে গিয়ে শিক্ষার্থীদের জানান, খেলার মাঠের সংঘর্ষের ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন তিন ছাত্রকে সাময়িক বহিষ্কার করেছে। বহিষ্কৃতরা হলেন বাংলা বিভাগের মাহবুব ও মিল্টন এবং লোক প্রশাসন বিভাগের রোকনুজ্জামান। উপ-উপচার্যকে আহ্বায়ক করে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর সদস্যরা হলেন সহকারী প্রক্টর সিদ্দিকুর রহমান খান ও সিন্ডিকেট সদস্য এবং ব্যাংকিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. রফিকুল ইসলাম। কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার জন্য বলা হয়েছে। এসময় শিক্ষার্থীরা দাবি করে ৭ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে হবে। এরপর শিক্ষার্থীরা রাস্তা থেকে অবরোধ তুলে নেয়। তবে অবরোধ চলাকালে কোন ধরনের সহিংসতার ঘটনা ঘটেনি। অন্যদিকে ঘটনার জন্য পরিসংখ্যান বিভাগের ছাত্রদের দায়ী করে দুপুর ১২টায় কলাভবনে বিক্ষোভ মিছিল করেছে বাংলা বিভাগের ছাত্ররা।

এদিকে লোক প্রশাসন বিভাগের ছাত্র রোকনুজ্জামান নিজেকে নির্দোষ দাবী করে বলেন, তিনি ঘটনার সাথে জড়িত ছিলেন না। বাংলা বিভাগের ছাত্রদের সাথে তাকে জড়িয়ে বহিষ্কার করায় তিনি বিস্ময় প্রকাশ করেন।